

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
যুগ্ম-সচিব (কলেজ-১) এর দপ্তর  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-মাওউশিবি/যুগ্মসচিব(কলেজ)/২০২১/০৩


তারিখ: ১৪/০১/২০২১খ্রি:

বিষয়: জনাব মহসিন গোলদার (৭১৮৮), সহযোগী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা তদন্তকরণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৩.২০.১৫, তারিখ: ১৩ জানুয়ারী ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মহসিন গোলদার (৭১৮৮), সহযোগী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর College Education Development Project (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি)-তে Masters of Arts in Education এর ১ম সেমিস্টার প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। মাষ্টার ট্রেনিং কোর্স-২ এর একজন প্রশিক্ষণার্থী হিসেবে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউএনএমসি এর টিউটরদের সহযোগিতায় ০২টি মৌলিক এ্যাসাইনমেন্ট তৈরি করে দাখিল করার শর্ত ছিল। কিন্তু এ্যাসাইনমেন্ট তৈরিতে Plagiarism এর কারণে একাডেমিক অফেন্স করেছেন মর্মে গণ্য হন এবং বর্ণিত কোর্স থেকে বহিস্কৃত (টারমিনেটেড) হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় নিম্নস্বাক্ষরকারীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক একটি তদন্তানুষ্ঠান আগামী ২১/০১/২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে (ভবন নং ৬, কক্ষ নং ১৮০০) অনুষ্ঠিত হবে।

বর্ণিত অবস্থায়, উক্ত তদন্তানুষ্ঠানে যথাসময়ে প্রয়োজনীয় কাগজপত্র/সাক্ষ্য প্রমাণসহ উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
১৪/০১/২০২১  
(মুকেশ চন্দ্র বিশ্বাস)  
যুগ্মসচিব (কলেজ-১)  
ও  
তদন্তকারী কর্মকর্তা  
ফোন: ৯৫৫০৩৪১

জনাব মহসিন গোলদার (৭১৮৮)  
সহযোগী অধ্যাপক (পদার্থবিজ্ঞান)  
সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সরকারি পক্ষে নথি, কাগজপত্র, রেকর্ড ও সাক্ষীসহ (যদি থাকে) মামলা পরিচালনার নিমিত্তে একজন উপযুক্ত কর্মকর্তাকে প্রেরণ করার জন্য অনুরোধসহ)।
- ০৩। অধ্যক্ষ, সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।